চেনা দায়
বোর্নমাউথের বিরুদ্ধে জিতে দাড়ি, গোঁফ কেটে ফেললেন মহম্মদ সালাহ।

শুভেচ্ছা

জন্মদিন

☺ **আদিত্রী ঃ** হেসে খেলে ২টি বছর করলে তুমি পার, সুন্দর থাকো, সুস্থ থাকো– এই কামনা করি শতবার। শুভ জন্মদিনে স্নেহাশিস ও ভালোবাসা। **বাবা (সুশান্ত), মা (প্রিয়াঙ্কা), দিদুন ও পরিবারের সকল সদস্য।**

বিবাহবার্ষিকী

☺ আজ আমাদের পরম শ্রদ্ধেয় **পিতা (বিপ্লব চক্রবর্তী) ও মাতার (সোমা চক্রবর্তী)** ৩০তম বিবাহবার্ষিকী। ঈশ্বরের কাছে প্রার্থনা করি তাঁরা সুস্থ থাকুন, আনন্দে থাকুন। শুভ কামনার্থে– **বর্ণালী চক্রবর্তী (মেয়ে), সৌরভ চক্রবর্তী (জামাই), শিলিগুড়ি।**

কোচ বিতর্কে ইন্ডিয়া 'এ'

ওয়ানাদ, ১০ ফেব্রুয়ারি ঃ ইন্ডিয়া 'এ'–র বোলারদের চেষ্টা সত্ত্বেও ম্যাচ ড্র রাখল ইংল্যান্ড লায়ন্স। প্রথম বেসরকারি টেস্টের চতুর্থ তথা শেষ দিন স্যাম হাইন (৫৭) ও অলি পোপের (৬৩) অর্ধশতরানে ১০৫ রানের জুটিতে ম্যাচ বাঁচিয়ে ফেলে তারা। মাঠের মতো বাইরেও অস্বস্তিতে ভারত। প্রাক্তন টেস্ট ওপেনার বিক্রম রাঠোরকে ব্যাটিং কোচ হিসেবে নিয়োগে স্বার্থের সংঘাত ইস্যু সামনে এসেছে। অনূর্ধ্ব–১৯ দলের নির্বাচক আশিস কাপুরের জামাইবাবু বিক্রম। নতুন নিয়মে স্বার্থের সংঘাত ইস্যুর মুখে পড়তে পারে বিসিসিআই। রাহুল দ্রাবিড়ের পরামর্শেই যে তাঁকে কোচ করা হচ্ছে, সেটা জানিয়ে এক বিসিসিআই কর্তা বলেন, 'ইন্ডিয়া 'এ' ও অনূর্ধ্ব–১৯ দলের কোচ দ্রাবিড় দুটো নাম প্রস্তাব করেছিলেন। ব্যাটিং কোচ হিসেবে বিক্রম ও উইকেটরক্ষক–কোচ হিসেবে বিজয় যাদবকে চেয়েছেন উনি। ওদের নির্বাচন আসন্ন সিরিজের কথা মাথায় রেখে পুরোপুরি চুক্তিভিত্তিক হতে চলেছে। ইরানি ট্রফিতে অবশিষ্ট ভারতীয় দলকে কোচিং করানোর কথা বিক্রমের।' প্রসঙ্গত, বিক্রম ও বিজয়ের নিয়োগ ঘিরে ইতিমধ্যে সিওএ–র ছাড়পত্র পেয়ে গিয়েছেন বিসিসিআই–এর জেনারেল ম্যানেজার সাবা করিম।

মাঠেই মৃত্যু ফুটবলারের

কলকাতা, ১০ ফেব্রুয়ারি (সংবাদ) ঃ ফুটবল মাঠে মৃত্যু হল ফুটবলারের। মর্মান্তিক ঘটনাটি ঘটেছে শনিবার বিকেলে বিধাননগরের সাই মাঠে। মৃত ফুটবলারের নাম ঋত্বিক দাস (২৩)। ওড়িশার ভুবনেশ্বরের আইনের ছাত্র ঋত্বিক শনিবার কলকাতায় আসেন আন্তঃরাজ্য ফুটবল প্রতিযোগিতায় অংশ নিতে। গতকাল সাইয়ের মাঠে অনুশীলন করার সময় মাঠেই জ্ঞান হারান তিনি। সঙ্গে সঙ্গে এক বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হলেও ঋত্বিককে মৃত বলে ঘোষণা করা হয়। ঋত্বিকের আকস্মিক মৃত্যুতে শোকাহত তাঁর সতীর্থরা।

মোহনবাগানের আইএসএল ভবিষ্যৎ নিয়ে ধোঁয়াশা

এটিকে-র সঙ্গে গাঁটছড়ায় আপত্তি

সুস্মিতা গঙ্গোপাধ্যায়

কলকাতা, ১০ ফেব্রুয়ারি ঃ শেষপর্যন্ত কি এটিকে–র সঙ্গে গাঁটছড়া বেঁধেই ইন্ডিয়ান সুপার লিগে খেলতে চলেছে মোহনবাগান? শোনা যাচ্ছে, ইতিমধ্যেই সঞ্জীব গোয়েঙ্কার তরফে যাবতীয় কাগজপত্র পৌঁছে গিয়েছে বাগান কর্তাদের কাছে। তবে এই বিষয়ে দু–তরফের কেউই মুখ খুলতে চাইছেন না। কারণ, বাগান কর্তাদের আদৌ ইচ্ছা নেই নিজেদের যাবতীয় স্বত্ব বিকিয়ে দিয়ে এটিকে–র সঙ্গে গাঁটছড়া বাঁধার।

৮ ফেব্রুয়ারি নতুন ফ্র্যাঞ্চাইজি নেওয়ার ব্যাপারে দরপত্র চাওয়ার কথা আগেই বলা হয়েছিল এফএসডিএল–এর তরফে। কিন্তু শেষপর্যন্ত বিষয়টি স্থগিত করে দেওয়া হয়েছে মোহনবাগানের জন্যই। কারণ এখনও পর্যন্ত স্পনসর, ইনভেস্টারের ব্যাপারে এগোতে পারেনি কলকাতার অন্যতম প্রধান। আগামী মরশুমে মোহনবাগান–ইস্টবেঙ্গলকে ছাড়া ইন্ডিয়ান সুপার লিগ যে হচ্ছে না তা ইতিমধ্যেই নিশ্চিত করা হয়েছে বেসরকারিভাবে। সম্ভবত ফেব্রুয়ারির শেষ অথবা মার্চের শুরুর দিকে দরপত্র চাইবে এফএসডিএল। তার আগেই যাবতীয় কাজ শেষ করে ফেলতে হবে মোহনবাগানকে। তবে গোল বেধেছে ইনভেস্টার নেওয়া বা এটিকে–র সঙ্গে গাঁটছড়া বাঁধা নিয়ে। কলকাতার দুই প্রধান আইএসএল খেললে যে এটিকের অস্তিত্ব বিপন্ন হতে পারে তা ফ্র্যাঞ্চাইজি ছাড়াও রিলায়েন্স এবং ফেডারেশন কর্তারা ভালোই বুঝতে পারছেন। আলাদা ফ্র্যাঞ্চাইজি হিসেবে খেললে তারা কোনো সমর্থকই পাবে না কারণ, জন্মসূত্রেই যেকোনো বাঙালি হয় মোহনবাগান বা ইস্টবেঙ্গল হয়ে জন্মায়। ইস্টবেঙ্গল আগেই কোয়েসকে ইনভেস্টার হিসেবে নিয়ে এসেছে, তাই তাদের সঙ্গে এটিকে–কে জুড়ে দেওয়া আর সম্ভব নয়। অন্য কোনো স্পনসর–ইনভেস্টারের সঙ্গে এখনও মোহনবাগানের পাকা চুক্তি হয়নি। তাই এটিকে–মোহনবাগান জোটই ভালো হবে বলে আগেই ঘনিষ্ঠমহলে জানান ফেডারেশন সভাপতি প্রফুল্ল প্যাটেল। কিন্তু এতে তাঁদের ক্লাবের অস্তিত্ব বিপন্ন হবে কিনা, তা নিয়েই এখন ধন্দে বাগান কর্তারা। সেই কারণেই কথাবার্তা হলেও চূড়ান্ত চুক্তি এখনও কিছু হয়নি। এর বড়ো কারণ সঞ্জীব গোয়েঙ্কার আগ্রাসী মনোভাব। তিনি যে নিজের ফ্র্যাঞ্চাইজির বাইরে মোহনবাগানের আবেগ–ঐতিহ্য নিয়ে আদৌ ভাবিত নন, তা তাঁর কথাবার্তা থেকে আগেও স্পষ্ট হয়েছে। তাছাড়াও সমর্থকরাও চাইছেন না, এতদিন যাদের বিরোধিতা তারা করে এসেছে সেই এটিকে–র সঙ্গে গাঁটছড়া বাঁধুক তাদের প্রিয় ক্লাব। এখন প্রফুল প্যাটেল বা নীতা আম্বানি হস্তক্ষেপ করলেই একমাত্র টিকে যেতে পারে বাগানের অস্তিত্ব। সেই চেষ্টাই আপাতত চালাচ্ছেন সবুজ–মেরুন কর্তারা।

প্রথম চারের আশা ছাড়ছেন না খালিদ

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১০ ফেব্রুয়ারি ঃ চার্চিল ব্রাদার্সের বিরুদ্ধে ম্যাচ ড্র করে শহরে ফিরল মোহনবাগান। রবিবার সন্ধ্যায় কলকাতায় ফেরে খালিদ জামিলের দল। জিততে যেন ভুলে গিয়েছে সবুজ–মেরুন শিবির। চার্চিলের বিরুদ্ধে এগিয়ে গিয়েও জিততে পারেননি ডিপান্ডা ডিকা–হেনরি কিসেক্কারা। এর ফলে প্রথম চারে থেকে সম্মানজনকভাবে লিগ শেষ করা আরও কঠিন হয়ে গেল গঙ্গাপাড়ের ক্লাবের কাছে। অবশ্য আশা ছাড়ছেন না খালিদ। তাঁর বক্তব্য,' আমাদের হাতে এখনও চারটি ম্যাচ। এই ম্যাচগুলি থেকে পুরো পয়েন্ট তোলাই আমাদের লক্ষ্য। চার্চিল ম্যাচ অতীত, আমরা এখন আইজল এফসি ম্যাচে ফোকাস করছি।' খালিদ দায়িত্ব নেওয়ার পর প্রথম দুটি ম্যাচে জয় পেলেও ডার্বি থেকেই ফের ছন্দহীন পালতোলা নৌকা। কোচ অবশ্য বলছেন, 'লিগের মাঝপথে দায়িত্ব নিয়েছি। সময় অত্যন্ত কম ছিল। তারই মধ্যে দলকে সাজানার চেষ্টা করেছি। ফুটবলাররাও পরিশ্রম করছে। কিন্তু ক্লান্তির কারণে ওদের মাঝেমধ্যে ভুলভ্রান্তি হয়ে হচ্ছে। তার প্রভাব পড়ছে ফলাফলে।'

অন্যদিকে, শনিবারের ম্যাচে রেফারি জোশেফ আকিরিয়া কেন সনি নরডিকে লাল কার্ড দেখালেন না এবং অন্যায় করেও পার পেয়ে গেলেন সেটা নিয়ে প্রশ্ন তুলে ফেডারেশনকে চিঠি দিল চার্চিল। যদিও খালিদ দাঁড়াচ্ছেন তাঁর অধিনায়কের পাশেই, 'সাধারণ একটা ট্যাকল করেছিল সনি, এটা লাল কার্ড দেখার মতো অপরাধ করেনি।' সোমবার থেকেই আইজল ম্যাচের প্রস্তুতি শুরু করে দেবেন খালিদ জামিল। কাল রিজার্ভ বেঞ্চের ফুটবলারদের অনুশীলন করাবেন তিনি। ১৬ ফেব্রুয়ারি আইজলে গিয়ে ম্যাচ খেলতে হবে তাদের।

অল্পের জন্য সিরিজ হেরে আক্ষেপ যাচ্ছে না রোহিতের

–চোদ্দোর পাতায়

ব্যাস, এখন দুঃখ আর নয়
দুঃখকে সুখে বদলান যিনি
আত্মা ও কালা যাদু পারদর্শী
আপনি যেকোনও সমস্যায় জর্জরিত হলে, এখনই ফোন করে ঘরে বসে সমাধান পান
৩ ঘন্টায় ১০০% গ্যারান্টিতে সমাধান
প্রেম-পরিণয়, বিবাহে বাধা, গৃহ কলহ, সতিন বা শত্রুর থেকে পরিত্রাণ, ব্যাবসায় মন্দা, জুয়া-সাট্টা, ভূত-প্রেত, যাদু-টোনা প্রেম-ভালোবাসা প্রভৃতি
বিশেষজ্ঞ ঃ বশীকরণ, গুপ্তবিদ্যা
আপনার মেয়েকে কী আপনার জামাই, বাইরের লোক অথবা শ্বশুরবাড়ি লোক বিরক্ত করে?
বাবা আকবর খান
9818298397 / 9903852257

স্মরণে

Late Mahendar Kr. Aneja
Born : 12.08.1951 Death : 10.02.2018
চিরদিনে আছো স্বপনে জাগরণে অনুভবে
প্রতিক্ষণে প্রথম প্রয়াণ বার্ষিকীতে সশ্রদ্ধ, প্রণাম ও ভালোবাসা।
মধু (স্ত্রী), পুনিত (পুত্র), শ্বেতা (কন্যা)

স্মরণে

দেবজ্যোতি ভট্টাচার্য
জন্ম ঃ ৫/৯/১৯৭৬
মৃত্যু ঃ ১/২/২০১৯
স্মরণে মননে অনুভবে চিরকাল তুমি থাকবে আমাদের হৃদয়জুড়ে। তোমার আত্মার প্রতি শ্রদ্ধা জানিয়ে চিরশান্তি কামনা করি।
ঃ তোমার হতভাগ্য ঃ
বাবা (সন্তোষ ভট্টাচার্য), মা (অরুণা ভট্টাচার্য), স্ত্রী (সুদীপ্তা ভট্টাচার্য) এবং পরিবারবর্গ

প্লে–অফের সম্ভাবনা কমল এটিকে–র

এফসি পুনে সিটি–২	এটিকে–২
(স্ট্যানকোভিচ, রবিন)	(জয়েশ, গার্সিয়া–পেনাল্টি)

পুনে, ১০ ফেব্রুয়ারি ঃ প্লে–অফের রাস্তা আরও কঠিন হল এটিকে–র। জামশেদপুর এফসি–কে হারানোর পরে মনে হয়েছিল এবার বোধহয় বাড়তি উদ্যমে ঝাঁপিয়ে পড়বে স্টিভ দু–বার এগিয়ে গিয়েও ম্যাচটা ২–২ হওয়ায় এখন চাপে পড়ে গেল তারা। বাকি ৩ ম্যাচ জিততেই হবে তাদের। আপাতত ২১ পয়েন্ট নিয়ে একই জায়গায় থেকে গেল এটিকে। প্লে–অফে যেতে ম্যাচটা জিততেই হত এটিকে–কে। কিন্তু কোপেলের কোচিংয়ে এবার শুরু থেকে কোনোদিনই ধারাবাহিকতা দেখাতে পারেনি সঞ্জীব গোয়েঙ্কার দল। তবু মাঝের দেড় মাসের বিরতিতে বেঙ্গালুরু এফসি–র মতো দলগুলির পারফরম্যান্সগ্রাফ যখন পড়তির দিকে তখন কিন্তু অনেকটাই নিজেদের গুছিয়ে নিতে পেরেছেন এটিকে। কিন্তু সমস্যা হল, কোপেল হাতে এডু গার্সিয়া, কালু উচের মতো দুজন স্ট্রাইকার থাকা সত্ত্বেও কেন যে ডিফেন্সিভ মানসিকতা নিয়ে দল নামান তা পরিষ্কার নয়। ফলে শুরুতেই মার্কো স্ট্যানকোভিচের গোল। হল জন জনসনের গায়ে লেগে দিক পরিবর্তন করে। তবে গোল খেয়ে পালটা চাপ বাড়ান গার্সিয়ারা। যার ফসল জয়েশ রানের গোল। যদিও টেলিভিশনের পর্দায় দেখে মনে হয়েছে বলটা ধরার আগেই অফসাইডে ছিলেন এই মুম্বইকর। ধারাভাষ্যকাররাও তেমনই বললেন। এরপরে ৬০ মিনিটে এটিকে এগিয়ে যায় গার্সিয়ার পেনাল্টি থেকে করা গোলে। এক্ষেত্রে পেনাল্টি নাও দিতে পারতেন রেফারি। কারণ বলটা পিছন ঘুরে থাকা দিয়েগো কার্লোসের হাতে লাগে, যা অনিচ্ছাকৃত ত্রুটি। দু–দলই আরও একটা করে পেনাল্টি পেতে পারত। ম্যাচটা যখন জিতেই ফিরছে এটিকে বলে মনে হচ্ছিল তখনই রবিন সিংয়ের গোল শোধ। মার্সেলিনহো লেইতে পেরেরার কর্নারে তিনি যখন মাথা ছোঁয়ালেন তখন আগের ম্যাচে দূরন্ত খেলা অর্ণব তার নাগালই পেলেন না। পুনেতে গিয়ে আবারও খালি হাতে ফিরতে হল এটিকে–কে। এবং একই সঙ্গে দু–বারের চ্যাম্পিয়নদের প্লে–অফে যাওয়ার সম্ভাবনাও কঠিন থেকে কঠিনতর হয়ে গেল।

এফসি পুনে সিটির বিরুদ্ধে এটিকে–কে এগিয়ে দিয়ে উল্লাস জয়েশ রানের।

এক নম্বরে সিটি, জিতল টটেনহ্যামও

লন্ডন, ১০ ফেব্রুয়ারি ঃ ইপিএলে চেলসির বিরুদ্ধে বড়ো জয় পেল ম্যাঞ্চেস্টার সিটি। সার্জিও আগুয়েরো হ্যাটট্রিক করেছেন। জোড়া গোল রয়েছে রহিম স্টার্লিংয়ের। অন্য গোলটি ইকের গুন্দোগানের। এই জয়ে তারা ২৭ ম্যাচে ৬৫ পয়েন্ট নিয়ে শীর্ষে উঠে এসেছে। এক ম্যাচ কম খেলে সমসংখ্যক পয়েন্ট থাকলেও গোলপার্থক্যে পিছিয়ে দুই নম্বরে লিভারপুল। লেস্টার সিটিকে ৩–১ গোলে হারাল টটেনহ্যাম হটস্পার। ঘরের মাঠে তাদের ডেভিনসন স্যাঞ্চেজ, ক্রিশ্চিয়ান এরিকসেন ও সন হিউং–মিন গোল করেন। লেস্টারের গোলটি জেমি ভার্ডির। আর্সেনাল ২–১ গোলে হারিয়েছে হাডার্সফিল্ড টাউনকে। আর্সেনালের গোলদাতা আলেক্স ইয়োবি ও আলেকজান্দ্রে ল্যাকাজেত্তে।

সাজঘর থেকে ফিরে রান বাড়ালেন স্টোকস

গ্রস আইসলেট (সেন্ট লুসিয়া), ১০ ফেব্রুয়ারি ঃ ভুল শুধরে নেওয়ার নতুন নিয়মের সংযোজনের সুবাদে ভাগ্যবান বেন স্টোকস। আউট হয়ে সাজঘরে ফিরে যাওয়ার পরও তাঁকে ডেকে পাঠিয়ে ব্যাটিংয়ের সুযোগ দিলেন আম্পায়াররা। টিভি রিপ্লেতে আলজারি জোসেফের নো বল ধরা পড়তেই সঙ্গে সঙ্গে আম্পায়াররা স্টোকসকে ডেকে পাঠানোর সিদ্ধান্ত নেন। আগে একবার কোনো ব্যাটসম্যান সাজঘরে ফিরে গেলে তাকে ডেকে পাঠানোর নিয়ম ছিল না। ২০১৭ সালের অক্টোবর থেকে অবশ্য নতুন নিয়ম লাগু হয়েছে। যেখানে আউটের সিদ্ধান্ত নিয়ে ভুল বোঝাবুঝি থাকলে তা শুধরে নেওয়ার সুযোগের কথা বলা হয়েছে। ঘটনাটি ঘটেছে ওয়েস্ট ইন্ডিজ–ইংল্যান্ড তৃতীয় টেস্টে। অর্ধশতরান করার পর ৫২ রানের মাথায় আলজারি জোসেফের বলে কট অ্যান্ড বোল্ড হন স্টোকস। পরের ব্যাটসম্যান জনি বেয়ারস্টো মাঠে নেমে খেলার প্রস্তুতি নেওয়ার সময় টিভি রিপ্লেতে জোসেফের নো বল ধরা পড়ে। দ্রুত তৃতীয় আম্পায়ার ক্রিস গাফানের সাহায্য নিয়ে মাঠে থাকা আম্পায়ার রড টাকার স্টোকসকে ডেকে পাঠান ফের ব্যাট করতে। ব্যাটিংয়ে নতুন জীবন ফিরে পেয়ে ইংল্যান্ড দলের ইনিংস শক্তপোক্ত করেন স্টোকস (৭৯)। প্রথম ইনিংসে ইংল্যান্ড ২৭৭ রানে অলআউট হয়। জবাবে এই লেখা তৈরির সময় ওয়েস্ট ইন্ডিজ ৭৪ রান তুলতেই ৫ উইকেট হারিয়েছে। ক্রিজে ড্যারেন ব্রাভো (৬) ও শেন ডাউরিচ (০)। জন ক্যাম্পবেল (৪১) ছাড়া কেউই বড়ো রান পাননি। গোটা ঘটনায় হতবাক স্টোকস বলছিলেন, 'প্রযুক্তির সাহায্য এভাবে পাওয়ার জন্য ঈশ্বরকে ধন্যবাদ। এরকম অভিজ্ঞতা প্রথমবার হল। তবে ব্যাপারটা নিয়ে আরও সতর্ক হওয়া উচিত। আন্তর্জাতিক ক্রিকেটের মাঝে একজন আউট হয়ে সাজঘরে ফেরার মিনিট দুয়েক পর ফের ডাক পেয়ে মাঠে ফিরছে, এমনটা হওয়া কাম্য নয়। সাজঘরে ফিরে প্যান্ট খুলিনি এই রক্ষে। সত্যি অদ্ভুত গোটা ব্যাপারটা।' প্রথম দিনের শুরুতে জারি ছিল ইংল্যান্ড ব্যাটসম্যানদের গত দু–টেস্টের মতোই ব্যর্থতা। যদিও জস বাটলারকে (৬৭) সঙ্গে নিয়ে ১২৫ রানের জুটিতে দলকে লড়াকু স্কোরে পৌঁছে দেন স্টোকস।

পাকিস্তানে খেলার প্রস্তাব ফেরাল ক্রিকেট অস্ট্রেলিয়া

করাচি, ১০ ফেব্রুয়ারি ঃ পাকিস্তানের মাটিতে একদিনের ম্যাচ খেলার প্রস্তাব ফেরাল ক্রিকেট অস্ট্রেলিয়া। সংযুক্ত আরব আমিরশাহিতে পাঁচটি একদিনের ম্যাচের সিরিজ খেলবে অসিরা। কিন্তু পাক ক্রিকেট বোর্ড এই সিরিজের দুটি ম্যাচ নিজেদের দেশে খেলানোর জন্য ক্রিকেট অস্ট্রেলিয়াকে আমন্ত্রণ করে। কিন্তু নিরাপত্তার কারণ দেখিয়ে পত্রপাঠ এই প্রস্তাব খারিজ করে দেয় অস্ট্রেলিয়া। তারা স্পষ্ট ভাষায় জানিয়ে দেয় ক্রিকেটারদের নিরাপত্তার বিষয়ে কোনোরকম ঝুঁকি নেবে না তারা।

বিশ্বকাপের প্রস্তুতির জন্য দুটি দেশ নিজেদের মধ্যে পাঁচটি একদিনের ম্যাচ খেলার সিদ্ধান্ত নিয়েছে। পাঁচ ম্যাচের এই সিরিজ শুরু হচ্ছে আগামী ২২ মার্চ। এক বছর পর আবার ক্রিকেট শারজায় হতে চলেছে আন্তর্জাতিক ম্যাচ। কিন্তু পিসিবি চাইছিল অন্তত দুটি ম্যাচ নিজেদের দেশে খেলাতে। ১৯৯৮ সালের পর নিরাপত্তার কারণ দেখিয়ে পাক সফরে আসেনি অস্ট্রেলিয়া ক্রিকেট দল। গতবছর থেকে ক্রিকেট আবার ফিরেছে পাকিস্তানে। বিশ্ব একাদশের ম্যাচ হওয়ার পাশাপাশি শ্রীলঙ্কা এবং ওয়েস্ট ইন্ডিজ মহিলা দলও পাক সফরে এসেছে। তবে ক্রিকেট অস্ট্রেলিয়া প্রস্তাব ফেরানোয় হতাশ পিসিবি। ডিরেক্টর জাকির খান বলেন, 'আমরা চাইছিলাম হাইপ্রোফাইল সিরিজের অন্তত দুটি ম্যাচ পাকিস্তানে করতে। কিন্তু অস্ট্রেলিয়ার প্রত্যুত্তর হতাশাজনক। পাক ক্রিকেটপ্রেমীদের আরও কিছুদিন হয়তো অপেক্ষা করতে হবে পুরুষদের আন্তর্জাতিক ম্যাচ দেখার জন্য।'

অনূর্ধ্ব–২৩ দলে অর্জুন

মুম্বই, ১০ ফেব্রুয়ারি ঃ বিসিসিআইয়ের একদিনের টুর্নামেন্টে মুম্বইয়ের অনূর্ধ্ব–২৩ দলে সুযোগ পেলেন অর্জুন তেন্ডুলকার।

এর আগে অনূর্ধ্ব–১৯ দলের হয়ে খেলার পর এবার অনূর্ধ্ব–২৩ দলেও খেলতে চলেছেন শচীন পুত্র। দলের নেতৃত্বে রয়েছেন ডিওয়াই পাতিল টুর্নামেন্টে দুরন্ত পারফরম্যান্স করা জয় বিস্ত। ক্রিকেট ক্লাব অফ ইন্ডিয়ার হয়ে ভালো বল করে মুম্বইয় জুনিয়ার দলের কোচ অমিত পাঙ্গনিসের প্রশংসাও পান অর্জুন। শচীন–পুত্রের তারিফ করে তিনি বলেন, 'ডেথ ওভারে অর্জুন শুধু কম রানই খরচ করে না একইসঙ্গে গুরুত্বপূর্ণ সময়ে উইকেটও পায়। বাউন্সার, ইয়র্কার ও সুইং এর সংমিশ্রণে অত্যন্ত বৈচিত্র্যপূর্ণ বোলিং করছে অর্জুন। ২৩ দলের সঙ্গে থাকলে ওর অভিজ্ঞতা আরও বাড়বে।' এর আগে ইংল্যান্ডে ভারতীয় দলের নেট সেশনেও দেখা গিয়েছিল মাস্টার ব্লাস্টারের পুত্রকে। স্কুল, ক্লাব ক্রিকেটের গন্ডি পেরিয়ে ক্রমশ জাতীয় স্তরে নিজেকে প্রতিষ্ঠিত করছেন অর্জুন।

সম্পাদক ঃ সব্যসাচী তালুকদার। স্বত্বাধিকারী মঞ্জুশ্রী তালুকদারের পক্ষে সঞ্জীব তালুকদার কর্তৃক সুহাসচন্দ্র তালুকদার সরণি, বাগরাকোট, সুভাষপল্লি, শিলিগুড়ি থেকে প্রকাশিত ও বাড়িভাসা, জলেশ্বরী– ৭৩৫১৩৫ থেকে মুদ্রিত। কলকাতা অফিস ঃ ৭ ওল্ড কোর্ট হাউস স্ট্রিট, কলকাতা–৭০০০০১, ফোন ঃ ২২৪৩–৫৬৬৩, ২২১০–১৮২০/১২০১, ফ্যাক্স ঃ ০৩৩–২২৪৩–৫৬১৮, ২৪১৯২৩৫৮। জলপাইগুড়ি অফিস ঃ থানামোড়, জলপাইগুড়ি– ৭৩৫১০১, ফোন ঃ ০৩৫৬১–২২৪২১৪, ২৩১৬৪৪। কোচবিহার অফিস ঃ সিলভার জুবিলি রোড, কোচবিহার– ৭৩৬১০১, ফোন ঃ ০৩৫৮২–২২৬৪৩৩। আলিপুরদুয়ার অফিস ঃ এনবিএসটিসি ডিপোর পাশে, আলিপুরদুয়ার কোর্ট, আলিপুরদুয়ার–৭৩৬১২২, ফোন ঃ ০৩৫৬৪–২৫৯৪০১। মালদা অফিস ঃ মিউনিসিপ্যাল মার্কেট কমপ্লেক্স, তৃতীয় তল, সরযুপ্রসাদ রোড, নেতাজি মোড়, মালদা– ৭৩২১০১, হোয়াটসঅ্যাপ ঃ ৮৫৮৪৮৮৩২৫৯, ফোন ঃ ০৩৫১২–২২১৬৯৩ (সংবাদ), ২২১৬৯৬ (বিজ্ঞাপন ও অফিস), ফ্যাক্স ঃ ২২১৬৯৪। শিলিগুড়ি ফোন ঃ সম্পাদক ও প্রকাশক ঃ ২৪৩৬২৫১, জেনারেল ম্যানেজার ঃ ২৪৩৫৯০৩, বিজ্ঞাপন ঃ ২৫২৪৭২২, সার্কুলেশন ঃ ২৫২৬৬৩৫, অফিস ঃ ২৫২৯৬৬১, ২৫২৬৯৯৯ ও ৯৫৬৪৫৪৬৮৬৮, নিউজ ঃ ৭৮৭২৯৩৩৮৮৮, রিপোর্টিং ঃ ২৫২০০০৩, হোয়াটসঅ্যাপ ঃ ৯৭৩৫৭৩৯৬৭৭। ফ্যাক্স ঃ ০৩৫৩–২৪৩৪৪৪৫/২৫২৯৬৬০।
Registration No. RN/35012/80 and Postal Reg. No. WB/NBSR/D–03/2003–08, E. Mail : uttarbanga@hotmail.com uttarbanga@yahoo.com uttarmail2014@gmail.com uttarbanga@indiatimes.com Website : http://www.uttarbangasambad.in